

সংস্কৃতি শিক্ষার বিকাশে ভারত বাংলাদেশের শিক্ষার্থীদের বৃত্তি দেবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ভারতীয় হাইকমিশনার পিনাক রঞ্জন চক্রবর্তী বলেছেন, ভাষা ও স্বাধীনতার জন্য বাংলাদেশের মানুষের ত্যাগ স্বীকারকে ভারত সবসময় প্রত্যাহার সঙ্গে শ্রদ্ধা করে। এসব আন্দোলনের চেতনাকে কাজে লাগিয়ে এদেশের যুবসমাজ উন্নতির পিছরে আরোহণ করবে বলে ভারত সরকার বিদ্যমান করে। সংস্কৃতির বিকাশে বাংলাদেশের শিক্ষার্থীদের বৃত্তি দেয়ার ঘোষণা দিলেন তিনি।

গুজরার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও সংগীত বিভাগের নাট্যমঞ্চে পীতাম্বল নিয়ন্ত্রণ যন্ত্র হস্তান্তর অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বিভাগের চেয়ারম্যান ইপ্রাফিল শাহীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এসএমএ ফায়েজ। এ সময় উপস্থিত ছিলেন ভারতীয় হাইকমিশনারের ফাই সেক্রেটারি রাভিব জৌধরী ও কে. নন্দিতা প্রমুখ।

ভারতীয় হাইকমিশনার বলেন, ভারত ও বাংলাদেশের রয়েছে বহু বছরের পুরনো একই ধরনের সংস্কৃতি ও ঐতিহ্য। উভয় সরকার চাইলে এই সংস্কৃতি নিয়ে যৌথভাবে কাজ করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। ভারত সরকার সবসময় সংস্কৃতি চর্চার বিকাশে সহায়তা করে থাকে। সংস্কৃতি শিক্ষার বিকাশে তাদের সরকার বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য বৃত্তি প্রদান করবে বলে তিনি ঘোষণা দেন। একই সঙ্গে তিনি নাট্যকলা ও সংগীত বিভাগের উন্নয়নে সব ধরনের সহযোগিতায় আশ্বাস দেন। অধ্যাপক এসএমএ ফায়েজ বলেন, ভারত বাংলাদেশের সব সময়ের বন্ধু। স্বাধীনতা যুদ্ধে মার্কিন পরাশক্তির চাপ থাকা সত্ত্বে ভারত যে ধরনের সাহায্য করে গেছে বাংলাদেশের জনগণ তা সবসময় প্রত্যাহার সঙ্গে শ্রদ্ধা করবে।